রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৩০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৫, ২০১৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৭৭—৪৮৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৬১—৯৯০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬৭—১৮১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৩৩—৯৭৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৯ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ এপ্রিল ২০১৩/২৬ চৈত্র ১৪১৯

**নং ৫৩.০০৫.০২২.০৫.০০.০৭৬.২০১১-৯৬**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ২২ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা বিদেশী উদ্যোক্তা কর্তৃক বাংলাদেশে নিবন্ধিত বীমাকারীর শেয়ার ক্রয় বা ধারণের সর্বোচ্চ সীমা ৬০% (শতকরা ষাট) নির্ধারণ করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ সিদ্দিকুর রহমান**
সহকারী সচিব।

**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ এপ্রিল ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০১৫.২০০৮-১৬০**—বাংলাদেশ কমার্স এন্ড ইনভেষ্টমেন্ট লিমিটেড (পুনর্গঠন) আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১২ নং আইন) এর ৭(১) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) এর ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জিল্লুর রহমান-কে তাঁর বর্তমান মেয়াদ সমাপনান্তে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে আরও ২ (দুই) বছরের জন্য পুনঃনিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৩

### আদেশাবলী

তারিখ, ২০ মার্চ ২০১৩

**নং ১৬৫-বিচার-৩/১ডি-৭/২০০৯**—যেহেতু, শরীয়তপুরের সাবেক জেলা জজ পরবর্তীতে খুলনার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক বর্তমানে ঢাকার বিশেষ জজ আদালত নং-৮ এর বিশেষ জজ জনাব শামসুল আরেফিন এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ৭/২০০৯ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব শামসুল আরেফিন এর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে শরীয়তপুরের সাবেক জেলা জজ পরবর্তীতে খুলনার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক বর্তমানে ঢাকার বিশেষ জজ আদালত নং-৮ এর বিশেষ জজ জনাব শামসুল আরেফিন-কে তার বিরুদ্ধে রুজুকৃত ৭/২০০৯ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ, ০২ এপ্রিল ২০১৩

**নং ১৭৬-বিচার-৩/১ডি-৭/২০১২**—যেহেতু, কুমিল্লার নারী ও শিশূ নির্যাতন দমন ট্রাইব্যুনালের সাবেক বিচারক বর্তমানে কুমিল্লার জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) বেগম সেলিনা বেগম এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ৭/২০১২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, বেগম সেলিনা বেগম এর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে কুমিল্লার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের সাবেক বিচারক বর্তমানে কুমিল্লার জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) বেগম সেলিনা বেগম-কে তার বিরুদ্ধে রুজুকৃত ৭/২০১২ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ, ০৩ এপ্রিল ২০১৩

**নং ১৮৫-বিচার-৩/১ডি-৫/২০১০**—যেহেতু, নীলফামারী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের সাবেক বিচারক (জেলা জজ) বর্তমানে দিনাজপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) জনাব এম, এ, নুর এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ৫/২০১০ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব এম, এ, নুর এর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নীলফামারী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের সাবেক বিচারক (জেলা জজ) বর্তমানে দিনাজপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) জনাব এম, এ, নুর-কে তার বিরুদ্ধে রুজুকৃত ৫/২০১০ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ, ০৮ এপ্রিল ২০১৩

**নং ১৯৬-বিচার-৩/১ডি-৩/২০১২**—যেহেতু, ফরিদপুরের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে সুনামগঞ্জের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আবদুর রহিম এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৩/২০১২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ আবদুর রহিম এর কারণ দর্শানোর প্রেক্ষিতে লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়নি।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ফরিদপুরের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে সুনামগঞ্জের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আবদুর রহিম কে তার বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১২ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্ব প্রাপ্ত)।

---

## বিচার শাখা-৬

### আদেশাবলী

তারিখ, ১১ মার্চে ২০১৩

**নং আর-৬/৭এন-১১৭/২০১২-১৩২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে টাঙ্গাইল জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব খুকু রানী দাস, স্বামী জনাব মনোরঞ্জন দাস, পিতা স্বর্গীয় প্রিয় রঞ্জন দাসকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক

হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২০ মার্চ ২০১৩

**নং আর-৬/৭এন-২১/২০১৩-১৬২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মাইনুল ইসলাম, পিতা জনাব মোঃ আব্দুল হাইকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২৫ মার্চ ২০১৩

নং **আর-৬/৭এন-১৯/২০১৩-১৮৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে বরিশাল জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব সাঈদা নাসরিন, স্বামী জনাব মাইনুদ্দিন ডিপটি, পিতা মরহুম জনাব মনসুর-উল-আলমকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১৬/২০১৩-১৮৫**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আবদুছ ছালাম মুন্সী, পিতা জনাব মোঃ আবদুছ ছামাদ মুন্সী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ০৩ এপ্রিল ২০১৩

**নং আর-৬/৭এন-০৯/২০১৩-১৮৯**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব তুষার কান্তি রায়, পিতা স্বর্গীয় শম্ভুনাথ রায়কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১৫/২০১৩-১৯০**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আফাজ উদ্দিন, পিতা মরহুম জনাব হাফিজুর রহমানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত

শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১৭/২০১৩-১৯১**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মিনা পাল, স্বামী জনাব কানাই লাল কর, পিতা স্বর্গীয় দিগেন্দ্র নাথ পাল কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২০/২০১৩-১৯২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ জাকির হোসেন, পিতা মরহুম জনাব মোঃ আবদুর রশিদকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

## বিচার শাখা-৭

## আদেশাবলী

তারিখ, ১৩ মার্চ ২০১৩

**নং বিচার-৭/২এন-৩৯/০৪-১৫৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব আব্দুল্লাহ্ আল-মামুন, পিতা মোঃ জয়নাল আবেদীন, গ্রাম ভাওরখোলা, পোঃ শিবনগর, উপজেলা মেঘনা, জেলা কুমিল্লা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার মেঘনা উপজেলার নবগঠিত ভাওরখোলা ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১৬/৮২-১৫৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ নিজাম উদ্দিন, পিতা মৃত মোঃ নেছার উদ্দিন, গ্রাম উত্তর আইচা, ডাকঘর উত্তর আইচা, ওয়ার্ড নং ০৮, উপজেলা চরফ্যাশন, জেলা ভোলা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলার ১১নং রসুলপুর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৮ মার্চ ২০১৩

**নং বিচার-৭/২এন-৬৫/২০০৪-১৬৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোহাম্মদ আলমগীর হোসেন, পিতা মোঃ তৈয়ব উদ্দিন মন্ডল, গ্রাম বাজেশীবপুর, ডাকঘর বাগদুয়ার, উপজেলা পীরগঞ্জ, জেলা রংপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার ৪নং কুমেদপুর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১২১/৮৬-১৭০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব কাজী মোঃ শফিকুল ইসলাম, পিতা মৃত কাজী সিরাজুল ইসলাম, সাং ইসলামপুর, ডাকঘর ও উপজেলা কোম্পানীগঞ্জ, জেলা সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ০১নং ইসলামপুর পশ্চিম ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২০ মার্চ ২০১৩

**নং বিচার-৭/২এন-১২১/৮৬-১৭২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ জসিম উদ্দীন, পিতা মোঃ ইসহাক আলী, গ্রাম পুটামারা, পোঃ শিবের বাজার, উপজেলা কোম্পানীগঞ্জ, জেলা সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ৪নং ইছাকলস ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-১২১/৮৬-১৭৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব হেলাল আহমদ, পিতা নজির আহমদ, গ্রাম বতুমারা, পোঃ রণিখাই, উপজেলা কোম্পানীগঞ্জ, জেলা সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার  কোম্পানীগঞ্জ উপজেলার ০৫নং উত্তর রণিখাই ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোহাম্মদ শাহীন উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

## আদেশাবলী

তারিখ, ২৮ মার্চ ২০১৩

**নং বিচার-৭/২এন-২৪/২০১১-১৯৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোহাম্মদ আলী, পিতা মৃত আবদু মিয়া, গ্রাম দশদোনা, ডাকঘর বাঞ্ছারামপুর, উপজেলা বাঞ্ছারামপুর, জেলা ব্রাহ্মণবাড়ীয়া এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার ৭নং বাঞ্ছারামপুর (উঃ) সদর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০১ এপ্রিল ২০১৩

**নং বিচার-৭/২এন-২০/২০১২-১৯৭**—নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকার ১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন এর ৩ ধারা মোতাবেক এডভোকেট জনাব মোঃ আবু রায়হান, পিতা মরহুম মোহাম্মদ আলীকে টাংগাইল জেলার জন্য স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রার হিসাবে লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করলেন।

২। স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রী করার ক্ষেত্রে আপনি ১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন অনুসরণ করবেন।

৩। স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রী করার ক্ষেত্রে আপনি সর্বোচ্চ ৫০০০/-(পাঁচ হাজার) টাকা গ্রহষ করতে পারবেন।

৪। সরকার কর্তৃক স্থগিত না করা হলে লাইসেন্সধারীর ৬৫ বৎসর পূর্ণ হওয়া তারিখ হতে অবসর গ্রহণ করেছেন বলে গণ্য হবে।

**নং বিচার-৭/২এন-১২৫/৭৯-২০২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব সিরাজুল ইসলাম, পিতা আঃ আউয়াল, গ্রাম+পোঃ কনকসার, উপজেলা লৌহজং, জেলা মুন্সীগঞ্জ এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলার কনকসার ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৩ এপ্রিল ২০১৩

**নং বিচার-৭/২এন-১/০৬(অংশ-১)-২১৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ আশরাফুল আলম, পিতা মৃত আব্দুস সোবহান (বীর মুক্তিযোদ্ধা), গ্রাম তাজনগর, ২নং মন্নথপুর ইউনিয়ন, ডাকঘর তাজনগর, উপজেলা পার্বতীপুর, জেলা দিনাজপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার ২নং মন্নথপুর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৭ এপ্রিল ২০১৩

**নং বিচার-৭/২এন-৬৩/৭২-২৩৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ জসিম উদ্দীন, পিতা মৃত হাতিম উদ্দীন, গ্রাম জালালপুর, ডাকঘর স্বরমুশিয়া, উপজেলা আটপাড়া, জেলা নেত্রকোনা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোনা জেলার আটপাড়া উপজেলার ১নং স্বরমুশিয়া ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৮ এপ্রিল ২০১৩

**নং বিচার-৭/২এন-৫৮/২০১২-২৪১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব আমজাদ আলী, পিতা মোঃ শরিফুল ইসলাম, গ্রাম মাধবপুর, পোঃ মাধবপুর, উপজেলা ও জেলা ঠাকুরগাঁও এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার ২১নং ঢোলার হাট ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ রবিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

## সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ
## (জিপি/পিপি) শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ মার্চ ২০১৩

**নং সলিঃ/জিপি-পিপি/আন্ট্রাঃ-০২/২০১০-৪৩**—গত ১১-০৪-২০১০ তারিখের সলিঃ/জিপি-পিপি/আন্ট্রাঃ-০২/২০১০-৩২০ নং স্মারকের আংশিক সংশোধন পূর্বক আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর এডঃ জনাব সৈয়দ হায়দার আলীকে নির্দেশক্রমে অ্যাটার্নি-জেনারেলের পদমর্যদা প্রদান করা হইল। তিনি বিধি মোতাবেক আর্থিক সুযোগ সুবিধাদি প্রাপ্য হইবেন।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**ফাতিমা ইমরোজ ক্ষনিকা**
সিঃ সহকারী সচিব (জিপি-পিপি)।

## কৃষি মন্ত্রণালয়
## সম্প্রসারণ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১২ মার্চ ২০১৩

**নং ১২. ০৫২. ০২৭. ০০. ০০. ০২৫.২০১০-৪৮৯**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অংশের সদস্য জনাব মোঃ নজরুল ইসলাম (গ্রেডেশন নং ৯৪০), বরুড়া, কুমিল্লায় উপজেলা কৃষি কর্মকর্তা হিসেবে কর্মকালীন সময়ে দুর্নীতি দমন

আইনের গ্রেফতার হওয়ায় মন্ত্রণালয়ের ২২ মে ২০০৮ তারিখের কৃম/সম্প্র-১/অভিযোগ-৮/২০০৮-১১৫০ সংখ্যক স্মারক মারফত বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির ২নং নোট অনুযায়ী ৩১ মার্চ ২০০৮ তারিখ হতে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মোঃ নজরুল ইসলাম (গ্রেডেশন নং ৯৪০) কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ২০০৮ তারিখের কৃম/সম্প্র-১/অভিযোগ-০৮/২০০৮-১৬৯৬ সংখ্যক স্মারক মারফত বিভাগীয় মামলা (মামলা নং ০৮/২০০৮) রুজুকরতঃ ১ম কারণ দর্শানো নোটিশ (অভিযোগনামা, অভিযোগ বিবরণীসহ) জারী করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে দফাওয়ারী জবাব দাখিল করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ ভিত্তিহীন মর্মে উল্লেখ করে উক্ত মামলা হতে অব্যাহতি প্রদানের লক্ষ্যে ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, জনাব মোঃ নজরুল ইসলাম (গ্রেডেশন নং ৯৪০) এর আবেদনের পরিপ্রেক্ষিতে গত ৪ জানুয়ারি ২০০৯ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং তার জবাব সন্তোষজনক না হওয়ায় বিষয়টি তদন্তের জন্য নাসিমা পারভীন, সিনিয়র সহকারী সচিব, নিরীক্ষা-১ শাখা, কৃষি মন্ত্রণালয় কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে অভিযোগটি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়নি এবং তার বিরুদ্ধে আনীত মূল মামলা অর্থাৎ দঃবিঃ ১৬১ ধারা এবং ১৯৪৭ সনের দুর্নীতি দমন আইন এর ৫(২) ধারায় আনীত মামলা মহামান্য হাইকোর্ট কর্তৃক ২১ নভেম্বর ২০১২ তারিখে বাতিল হওয়ায় জনাব মোঃ নজরুল ইসলাম (গ্রেডেশন নং ৯৪০) এর বিরুদ্ধে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা থেকে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অংশের কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম (গ্রেডেশন নং ৯৪০), (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা কৃষি কর্মকর্তা (এলআর), ডিএই, খামারবাড়ি. ঢাকা (প্রাক্তন উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বরুড়া, কুমিল্লা) এর সাময়িকভাবে বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহারপূর্বক তাঁর বিরুদ্ধে মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ২০০৮ তারিখের কৃম/সম্প্র-১/অভিযোগ-৮/১৬৯৬ সংখ্যক স্মারক মারাফত রুজুকৃত বিভাগীয় মামলঅ (মামলা নং ০৮/২০০৮) হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর হোসেন**
সচিব।

**পরিকল্পনা মন্ত্রণালয়**
**পরিকল্পনা বিভাগ**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৫ চৈত্র ১৪১৯ বঙ্গাব্দ/০৮ এপ্রিল ২০১৩

**নং ২০.৭০২.০৩২.০১.০২.০২৯.২০১০-২১২**—যেহেতু, জনাব মোহাম্মদ সাইফুর রহমান (০৪১১), সহকারী প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ)(ii) ধারা মোতাবেক অদক্ষতার অভিযোগ এবং উক্ত বিধিমালার ৩(বি) ধারা মোতাবেক অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং ০৩/২০১২ এর প্রেক্ষিতে পরিকল্পনা বিভাগের ১১-১০-১২ তারিখের ২০.৭০২.০৩২.০১.০২.০২৯.২০১০-৬২০ বিজ্ঞপ্তিতে উক্ত বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তাঁকে লঘুদন্ডের শাস্তি-স্বরূপ তাঁর চাকরি স্থায়ী না হওয়া পর্যন্ত ভবিষ্যত বেতন বৃদ্ধি স্থগিত করা হয়;

যেহেতু, উক্ত দন্ডাদেশের বিরুদ্ধে জনাব মোহাম্মদ সাইফুর রহমান (০৪১১), সহকারী প্রধান, রাষ্ট্রপতির সমীপে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১৯ বিধি অনুযায়ী আপীল আবেদন পেশ করলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে "তার ০১ (এক) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা হোক" উল্লেখপূর্বক জনাব মোহাম্মদ সাইফুর রহমান (০৪১১), এর আপীল আবেদন মঞ্জুর করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ সাইফুর রহমান (০৪১১), সহকারী প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ)(ii) ধারা মোতাবেক অদক্ষতার অভিযোগ এবং উক্ত বিধিমালার ৩(বি) ধারা মোতাবেক অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং ০৩/২০১২ এর প্রেক্ষিতে পরিকল্পনা বিভাগের ১১-১০-১২ তারিখের ২০.৭০২.০৩২.০১.০২.০২৯.২০১০-৬২০ বিজ্ঞপ্তিতে উক্ত বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তাঁকে লঘুদন্ডের শাস্তি-স্বরূপ তাঁর চাকরি স্থায়ী না হওয়া পর্যন্ত ভবিষ্যত বেতন বৃদ্ধি স্থগিত করার আদেশটি বাতিলপূর্বক তাঁকে ০১ (এক) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার আদেশ দেয়া হল।

এ আদেশ জারীর তারিখ থেকে কার্যকর হবে।

**নং ২০.০০.০০০০.৩০২.৩২.০৫৬.১০-২১৫**—যেহেতু, বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা (বর্তমানে যুক্তরাজ্যের University of Manchester-এ অর্থনীতি শাস্ত্রে PhD কোর্সে অধ্যায়নরত) জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং ০২৮২), সিনিয়র সহকারী প্রধান-এর অনুকূলে পরিকল্পনা বিভাগের ০৫-১০-২০০৬ তারিখের Pd/Admin-1/1-138/98-509 নং আদেশের মাধ্যমে যুক্তরাজ্যের University of Manchester এ অর্থনীতি বিষয়ে PhD প্রোগ্রামে অধ্যয়নের জন্য ০৬-১০-২০০৬ তারিখ হতে ০৫-১০-২০০৯ তারিখ পর্যন্ত ০৩ বছর প্রেষণ মঞ্জুর

করা হয়। পরবর্তীতে পরিকল্পনা বিভাগের ০২-১১-২০০৯ তারিখের Pd/Admin-1/1-85/2008-654 নং আদেশের মাধ্যমে তাঁর অনুকূলে ০৬-১০-২০০৯ হতে ০৫-১০-২০১০ পর্যন্ত আরও ০১ বছর শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়। এরই ধারাবাহিকতায় পরিকল্পনা বিভাগের ০৭-১০-২০১০ তারিখের ২০.৭০২.০৩২.০১. ০১.০৫৬.২০১০-৫৩২ নং আদেশের মাধ্যমে শিক্ষা ছুটির মেয়াদ ০৫-১০-২০১১ পর্যন্ত পুনরায় আরও ০১ বছর বৃদ্ধি করা হয়;

যেহেতু, সুষ্ঠুভাবে কোর্স সম্পাদনের জন্য কর্মকর্তা গত ১১-০৯-২০১১ তারিখের অসাধারণ ছুটি মঞ্জুরের আবেদন করলে পরিকল্পনা বিভাগের ২৮-০৯-২০১১ তারিখের ২০.০০.০০০০. ৩০২.৩২.০৫৬.১০-৫১৩ নং স্মারকযুক্ত পত্রের মাধ্যমে তাঁর অনুকূলে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুরের বিষয়টি সরকার কর্তৃক অনুমোদিত হয়নি মর্মে তাঁকে জানিয়ে দেয়া হয় এবং অবিলম্বে দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদানের জন্য অনুরোধ করা হয়। ব্যর্থতায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলার কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে তাঁকে জানিয়ে দেয়া হয়। কর্মকর্তার গত ১২-১১-২০১১ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে, তাঁকে পরিকল্পনা বিভাগের ২৩-১১-২০১১ তারিখের ২০.০০.০০০০.৩০২.৩২. ০৫৬.১০-৬৫৮ নং স্মারকযুক্ত পত্রের মাধ্যমে দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদানের জন্য পুনরায় অনুরোধ করা হয়। ব্যর্থতায় তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মেও জানানো হয়। উক্ত পত্র তাঁর বিদেশে বর্তমান ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু তিনি যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদান করেননি;

যেহেতু, কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ শেষে কাজে যোগদান না করায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে অভিযুক্ত করে প্রথম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। নোটিশটি “The daily Star” পত্রিকায় ০৯-০৪-২০১২ তারিখে এবং “দৈনিক মানবজমিন” পত্রিকায় ০৩-০৪-২০১২ তারিখে প্রকাশিত হয়। তিনি প্রথম কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। অভিযুক্ত কর্মকর্তা প্রথম কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় পরিকল্পনা বিভাগের গত ১১-০৬-২০১২ তারিখের ২০.৭০২.০৩২.০১.০১.০৫৬.২০১০-৩৭৪ নং স্মারকমূলে একই অধ্যাদেশের ৫(২) ধারায় ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। যা “The daily Star” পত্রিকায় ২৬-০৬-২০১২ তারিখে এবং ‘দৈনিক প্রথম আলো’ পত্রিকায় ১৯-০৯-২০১২ তারিখে প্রকাশিত হয়;

যেহেতু, জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং ০২৮২)-কে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় কৃত অপরাধের জন্য উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার ক্ষেত্রে The Bangladesh Public Service commission (Consultation) Regulations, 1979 এর ৬নং রেগুলেশন মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনের পরামর্শ চাওয়া হলে বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন বরখাস্ত করার প্রস্তাবের সাথে একমত পোষণ করেন;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনের মতামত এবং বিভাগীয় ব্যবস্থা সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে অধ্যায়নরত জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং ০২৮২), সিনিয়র সহকারী প্রধান-কে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯-এর ৩(বি) ধারা অনুযায়ী অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে দোষী সাব্যস্থ করে উক্ত অধ্যাদেশ, ১৯৭৯-এর ৪(এ) ধারা মোতাবেক সরকারী চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from Service) করার বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

এক্ষণে, সেহেতু, বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং ০২৮২), সিনিয়র সহকারী প্রধান-কে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯-এর ৪(এ) ধারা মোতাবেক তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৬-১০-২০১১ থেকে কার্যকর করে সরকারী চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ভুইঁয়া সফিকুল ইসলাম**
সচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২ (অপারেশন)

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৯ চৈত্র ১৪১৯/০২ এপ্রিল ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৩৬.৩৪.০৪০.১২-১০৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে.এল. নং |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | খুলনা | রূপসা | জয়পুর | ১৭ |
| (২) | খুলনা | রূপসা | বলটি | ৫৮ |
| (৩) | খুলনা | রূপসা | ডোমার | ৩৫ |
| (৪) | খুলনা | রূপসা | শ্রীরামপুর | ৩১ |
| (৫) | খুলনা | রূপসা | যুগীহাটী | ০২ |
| (৬) | খুলনা | রূপসা | চর রূপসা | ১৫ |
| (৭) | খুলনা | পাইকগাছা | উত্তর কাটামারী | ১৩৩ |
| (৮) | খুলনা | বটিয়াঘাটা | বলাবুনিয়া | ২৩ |
| (৯) | খুলনা | বটিয়াঘাটা | আন্ধারিয়া | ৩১ |
| (১০) | খুলনা | বটিয়াঘাটা | জয়পুরডাঙ্গা | ১২০ |
| (১১) | খুলনা | বটিয়াঘাটা | বালিয়াডাঙ্গা | ১১২ |
| (১২) | খুলনা | বটিয়াঘাটা | কোদলা | ৪৭ |
| (১৩) | খুলনা | বটিয়াঘাটা | সোলমারী | ০৬ |
| (১৪) | খুলনা | বটিয়াঘাটা | মাঠভাঙ্গা | ১৮ |
| (১৫) | খুলনা | বটিয়াঘাটা | বড়ভূঁইয়া | ৫৪ |
| (১৬) | খুলনা | বটিয়াঘাটা | ভান্ডারকেট | ১৩২ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৭) | খুলনা | বটিয়াঘাটা | কুলটিয়া | ১২৫ |
| (১৮) | খুলনা | বটিয়াঘাটা | তলাপাড়া | ৯৫ |
| (১৯) | খুলনা | বটিয়াঘাটা | সাপা | ৫৫ |
| (২০) | খুলনা | ডুমুরিয়া | কুখিয়া | ১৫৫ |
| (২১) | খুলনা | ডুমুরিয়া | আন্ধারমানিক পূর্ব | ১৯৩ |
| (২২) | খুলনা | ডুমুরিয়া | তেলিখালী | ১৯৪ |
| (২৩) | সাতক্ষীরা | সাতক্ষীরা | বাঁশতলা | ৩৯ |
| (২৪) | সাতক্ষীরা | সাতক্ষীরা | নারায়নজোল | ৫৮ |
| (২৫) | সাতক্ষীরা | আশাশুনি | চক খলিসানি | ১৪ |
| (২৬) | সাতক্ষীরা | আশাশুনি | খলিসানি | ১৭ |
| (২৭) | সাতক্ষীরা | তালা | আরাজী কাজীডাঙ্গা | ৯৭ |
| (২৮) | সাতক্ষীরা | দেবহাটা | নোয়াপাড়া | ৫১ |
| (২৯) | সাতক্ষীরা | দেবহাটা | মাগরিচক্ | ১৮ |
| (৩০) | সাতক্ষীরা | দেবহাটা | দাদপুর | ০৯ |
| (৩১) | সাতক্ষীরা | দেবহাটা | আজিজপুর | ০৮ |
| (৩২) | সাতক্ষীরা | দেবহাটা | পারাগাভা | ৫৭ |
| (৩৩) | সাতক্ষীরা | কালীগঞ্জ | গোপালপুর | ১৮১ |
| (৩৪) | সাতক্ষীরা | কালীগঞ্জ | চক রামগোবিন্দপুর | ১৫৪ |
| (৩৫) | সাতক্ষীরা | কালীগঞ্জ | মিনাজকাটী | ১০৩ |
| (৩৬) | সাতক্ষীরা | কালীগঞ্জ | মধুসুদনপুর | ১২৪ |
| (৩৭) | সাতক্ষীরা | কালীগঞ্জ | মথুরেশপুর | ৮৩ |
| (৩৮) | সাতক্ষীরা | কালীগঞ্জ | সাহাপুর | ২৩৪ |
| (৩৯) | সাতক্ষীরা | কালীগঞ্জ | সেকান্দারপুর | ৬৬ |
| (৪০) | সাতক্ষীরা | কালীগঞ্জ | উচ্ছেপাড়া | ১১৫ |
| (৪১) | সাতক্ষীরা | কালীগঞ্জ | শ্রীরামপুর | ২২৫ |
| (৪২) | সাতক্ষীরা | কালীগঞ্জ | শিবপুর | ০৯ |
| (৪৩) | বাগেরহাট | ফকিরহাট | কাঠালতলা | ১৮ |
| (৪৪) | বাগেরহাট | ফকিরহাট | মানসা | ২৫ |
| (৪৫) | বাগেরহাট | ফকিরহাট | লালচন্দ্রপুর | ২৯ |
| (৪৬) | বাগেরহাট | ফকিরহাট | উত্তরপাড়া | ৩১ |
| (৪৭) | বাগেরহাট | ফকিরহাট | বালিয়াডাঙ্গা | ৩৬ |
| (৪৮) | বাগেরহাট | ফকিরহাট | ঘনশ্যামপুর | ৫৭ |
| (৪৯) | বাগেরহাট | ফকিরহাট | বেতাগা | ৫৮ |
| (৫০) | বাগেরহাট | ফকিরহাট | সুরুলিয়া | ৬০ |
| (৫১) | বাগেরহাট | কচুয়া | আরাজী মালিপাটন | ৫৭ |
| (৫২) | বাগেরহাট | কচুয়া | চর হাজারাখালী | ৩৬ |
| (৫৩) | বাগেরহাট | মংলা | বিদ্যামারী | ১৩ |
| (৫৪) | বাগেরহাট | রামপাল | রামদেবপুর | ৫৫ |
| (৫৫) | বাগেরহাট | রামপাল | ছোট দূর্গাপুর | ২৩ |
| (৫৬) | বাগেরহাট | রামপাল | ধলদহ | ৫৭ |

তারিখ, ০৮ এপ্রিল ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০৭৯.২০১০-১১১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে.এল. নং |
|---|---|---|---|---|
| (১) | ফরিদপুর | ফরিদপুর সদর | জটারকান্দি | ৬৯ |
| (২) | ফরিদপুর | ফরিদপুর সদর | ইছাইল | ৭০ |
| (৩) | ফরিদপুর | ফরিদপুর সদর | বেরহিমপুর | ১২৩ |
| (৪) | ফরিদপুর | আলফাডাঙ্গা | টোনা | ১৮ |
| (৫) | ফরিদপুর | আলফাডাঙ্গা | হেলেঞ্চা | ২৯ |
| (৬) | ফরিদপুর | চরভদ্রাসন | চর মোহনমিয়া | ০১ |
| (৭) | ফরিদপুর | বোয়ালমারী | পরমেশ্বরদী | ১২৮ |
| (৮) | ফরিদপুর | নগরকান্দা | জিয়াকুলি | ১৮৮ |
| (৯) | গোপালগঞ্জ | মুকসুদপুর | চন্দ্রখোলা নিশ্চিন্তপুর | ১২৬ |
| (১০) | গোপালগঞ্জ | মুকসুদপুর | দাসেরকান্দি | ১৯৩ |
| (১১) | গোপালগঞ্জ | মুকসুদপুর | সুন্দরদী | ১৮৮ |
| (১২) | গোপালগঞ্জ | মুকসুদপুর | পশারগাতী | ১১ |
| (১৩) | গোপালগঞ্জ | মুকসুদপুর | ভাজনদী | ১২৫ |
| (১৪) | গোপালগঞ্জ | গোপালগঞ্জ সদর | কলপুর | ৫১ |
| (১৫) | গোপালগঞ্জ | কাশিয়ানী | হাটুরিয়া | ৫৫ |
| (১৬) | গোপালগঞ্জ | কাশিয়ানী | বুকরাইল | ৫৬ |
| (১৭) | রাজবাড়ী | পাংশা | আলমডাঙ্গা | ১৪৯ |
| (১৮) | রাজবাড়ী | বালিয়াকান্দি | বারুগ্রাম | ৯৬ |
| (১৯) | রাজবাড়ী | বালিয়াকান্দি | খামার মাগুরা | ১৩৬ |
| (২০) | রাজবাড়ী | বালিয়াকান্দি | দিলালপুর | ০৭ |
| (২১) | রাজবাড়ী | বালিয়াকান্দি | মধুপুর | ৪৯ |
| (২২) | রাজবাড়ী | বালিয়াকান্দি | চাপড়ী | ১২০ |
| (২৩) | রাজবাড়ী | বালিয়াকান্দি | জামালপুর | ১৩৪ |
| (২৪) | রাজবাড়ী | বালিয়াকান্দি | গুপ্তদলক্ষনদিয়া | ১৩৯ |
| (২৫) | শরীয়তপুর | নড়িয়া | তেলীপাড়া | ৭৩ |
| (২৬) | শরীয়তপুর | গোসাইরহাট | ছোট কাচনা | ০৭ |

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ**
**পিপিপি ইউনিট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ শ্রাবণ ১৪২০/২১ জুলাই ২০১৩

**নং ০৭.০০.০০০০.১৪৭.০১.০০১.১১.৯৭**—Bangladesh Infrastructure Finance Fund Ltd. (BIFFL)-এর Article of Association (AoA)-এর ১৩৪ এবং ১৩৫ অনুচ্ছেদের বিধান অনুযায়ী ১১ আষাঢ় ১৪১৯ বং/২৫ জুন ২০১২ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৪৬.০১.০০১.১১.৪৭ নম্বর প্রজ্ঞাপন দ্বারা গঠিত উপদেষ্টা বোর্ড (Advisory Board) এর সদস্য পদ থেকে ড. ফওজুল কবির খান, প্রাক্তন সচিব ও প্রাক্তন পরিচালক, ইডকল-কে অব্যাহতি প্রদান করা হল। তাঁর স্থলে জনাব নজরুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, আইআইএফসি-কে উপদেষ্টা বোর্ড (Advisory Board) এর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হল। যথাযথ কর্তৃপক্ষের সম্মতিক্রমে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

এটি অবিলম্বে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

**এ. আর. এম. নজমুস্ ছাকিব**
অতিরিক্ত সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ১৪ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৯২/৭৬-৬০৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব জাহাঙ্গীর আলম, পিতা মোঃ শহীদুল ইসলাম, গ্রাম রশোড়া, ডাকঘর রশোড়া, উপজেলা রাজবাড়ী সদর, জেলা রাজবাড়ী)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার সদর উপজেলার **১১**নং মূলঘর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।